দৈনিক বাংলা

তারিখ ৯ ৫।৪।৮৩ … …
পৃষ্ঠা … … … কলাম … … …

114

# আঞ্চলিক পাসপোর্ট অফিসের পুনর্বিন্যাস

বহিরাগমন ও পাসপোর্ট বিভাগের আঞ্চলিক পাসপোর্ট অফিস ও জেলা সেলগুলো পুনর্বিন্যাস করা হয়েছে। পুনর্বিন্যাসকৃত প্রত্যেক আঞ্চলিক অফিসগুলোতে একজন সহকারী পরিচালক সার্বক্ষণিক অফিসার হিসেবে নিয়োজিত থাকবেন এবং তিনি আন্তর্জাতিক পাসপোর্ট, ভিসা ও বিভাগীয় অপরাপর কাজ সম্পন্ন করবেন। এ ব্যবস্থা কার্যকরী হওয়ার পর বর্তমান ১৪টি জেলা পাসপোর্ট ও ভিসা সেলের অফিসগুলো আর চালু থাকবে না।

পুনর্বিন্যাসকৃত ও পুনর্গঠিত আঞ্চলিক পাসপোর্ট অফিসগুলোর অবস্থান হবে—ঢাকা ও ফরিদপুর জেলার জন্যে ঢাকায়, সিলেট জেলার জন্যে সিলেটে, চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম জেলার জন্যে চট্টগ্রামে, ময়মনসিংহ, টাঙ্গাইল ও জামালপুর জেলার জন্যে ময়মনসিংহে, বরিশাল ও পটুয়াখালী জেলার জন্যে বরিশালে, কুমিল্লা ও নোয়াখালী জেলার জন্যে কুমিল্লায়, রাজশাহী ও পাবনা জেলার জন্যে রাজশাহীতে, খুলনা, যশোর ও কুষ্টিয়া জেলার জন্যে খুলনায় এবং রংপুর, দিনাজপুর ও বগুড়া জেলার জন্যে রংপুরে।

জেলা পাসপোর্ট সেলগুলোর কার্যাদি আঞ্চলিক অফিসগুলোতে শুরু করার নির্দিষ্ট তারিখ সত্বর জানানো হবে। খবর তথ্যবিবরণীর।